

শেখ হাসিনার বাংলাদেশ  
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।



[www.doe.gov.bd](http://www.doe.gov.bd)

০৭/০৬/১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং-২২.০২.০০০০.০২৬.১৬.৩২.১৯-১৯৮

তারিখ : -----

২২/০৯/২০২০ খ্রিস্টাব্দ

## গণবিজ্ঞপ্তি

দেশ জুড়ে অবৈধ ইটভাটায় ইট পোড়ানোর ফলে ব্যাপক বায়ুদূষণ সৃষ্টি হয়। এ কার্যক্রমে কৃষি মাটি জমির ব্যবহারের ফলে একদিকে কৃষি উৎপাদন ব্যাহত হচ্ছে অন্যদিকে বায়ুদূষণের কারণে জনস্বাস্থ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। শীত মৌসুমে ইটভাটাসমূহের কার্যক্রম চালু থাকার কারণে বায়ুদূষণের মাত্রা অনেক বৃদ্ধি পায়। বায়ুদূষণ হ্রাস ও ইট প্রস্তুত কার্যক্রমকে পরিবেশসম্মতভাবে পরিচালনার লক্ষ্যে সরকার “ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯)” জারি ও কার্যকর করেছে। উক্ত আইন বাস্তবায়নে গত ইট পোড়ানো মৌসুমে ঢাকার আশপাশসহ সারাদেশে প্রায় ৭০০ এর অধিক অবৈধ ইটভাটার অবকাঠামো ভেঙ্গে/স্থায়ীভাবে বন্ধ করে সংশ্লিষ্ট মালিকগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

দেশব্যাপী দূষণকারী অবৈধ ইটভাটাসমূহের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট এবং মোবাইল কোর্ট কার্যক্রম অব্যাহত রাখা হবে। পরিবেশ অধিদপ্তর ও জেলা প্রশাসনের অনুমোদন ব্যতিরেকে কোনো ইটভাটা পরিচালনা করা যাবে না। এর ব্যত্যয় হলে অবৈধ ইটভাটা স্থায়ীভাবে বন্ধ করাসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, “ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯)” লংঘনকারী নিম্নরূপ দণ্ডে দণ্ডিত হবেঃ

- লাইসেন্স ব্যতীত ইটভাটা পরিচালনা ও ইটভাটা ব্যতীত অন্য কোথাও ইট পোড়ানো হলে অনধিক ২(দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন্য ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন;
- কৃষিজমি বা পাহাড় বা টিলা হতে মাটি সংগ্রহ করিয়া ইট তৈরী করা হলে অনধিক ২(দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন;
- ইটভাটায় জ্বালানি হিসাবে কাঠ ব্যবহার করলে অনধিক ৩(তিন) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৩(তিন) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন;
- আইনে বর্ণিত নিষিদ্ধ এলাকায় ইটভাটা স্থাপন করলে অনধিক ৫(পাঁচ) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন;
- আইনে বর্ণিত নিষিদ্ধ এলাকার সীমারেখা হতে নির্ধারিত দূরত্ব বা স্থানের ভিতরে ইটভাটা স্থাপন করলে অনধিক ৫(পাঁচ) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন;
- ইটভাটায় নির্ধারিত মানমাত্রার অতিরিক্ত মাত্রায় গ্যাসীয় নিঃসরণ ও তরল বর্জ্য নির্গমন করা হলে ১(এক) বৎসরের কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবেন;

বর্ণিত প্রেক্ষাপটে “ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯)” অমান্যকারী ইটভাটার মালিকগণকে অবৈধভাবে ইটভাটা পরিচালনার মাধ্যমে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধন করা থেকে বিরত থাকার জন্য নির্দেশ দেয়া হ'ল।

মহাপরিচালক  
পরিবেশ অধিদপ্তর

বায়ুদূষণ রোধ করি - বাসযোগ্য ভবিষ্যৎ গড়ি